

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।  
(শুক্র)  
আদেশ

তারিখ : ০৮/০৮/২০০১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন নং ১২০/২০০১/শুক্র। - The Customs Act, 1969 (IV of 1969 এর section 79(1) এবং section 131 (1) (a) (i) এর বিধান এবং একই আইনের section 219 এর ক্ষমতাবলে এতদসংক্রান্ত বিদ্যমান সকল আদেশ বাতিলক্রমে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ জারী করিল, যথা :-

- ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও আরম্ভকাল। —
  - (i) এই আদেশ Prescribed Bill of Entry and Bill of Export Form Order, 2001 নামে অভিহিত হইবে এবং ১লা সেপ্টেম্বর, ২০০১ ইং তারিখ হইতে কার্যকর হইবে।
  - (ii) বাংলাদেশের সকল শুক্র ভবন, শুক্র স্টেশন, ইপিজেড ও বন্ডেড ওয়ারহাউস এর সকল প্রকার আমদানি ও রপ্তানী নির্বিশেষে ইহার প্রয়োগ বাধ্যতামূলক।
- ২। সংজ্ঞা :
  - (i) Bill of Entry বলিতে The Customs Act, 1969 (Act IV of 1969) এর ধারা 2(c) তে বর্ণিত বিল অব এন্ট্রি বুঝাইবে।
  - (ii) Bill of Export বলিতে The Customs Act, 1969 (Act IV of 1969) এর ধারা 2(d) তে বর্ণিত বিল অব এক্সপোর্ট বুঝাইবে।
- ৩। Bill of Entry / Bill of Export। — পরিশিষ্ট-তে বর্ণিত ফরমটি সকল প্রকার আমদানি ও রপ্তানীর ক্ষেত্রে ব্যবহৃত হইবে। আমদানিকৃত পণ্য খালাসের নিমিত্তে আমদানিকারক বা তাহার নিয়োজিত এজেন্ট এই ফরম সঠিকভাবে পূরণ করিয়া সকল প্রয়োজনীয় দলিলাদিসহ শুক্র কর্তৃপক্ষের নির্দেশিত কর্মকর্তা/কর্মচারীর নিকট দাখিল করিলে ইহা Bill of Entry হিসাবে গণ্য হইবে। পক্ষান্তরে, রপ্তানী পণ্য জাহাজীকরণের জন্য রপ্তানীকারক বা তাহার নিয়োজিত এজেন্ট এই ফরম যথাযথভাবে পূরণ করিয়া সকল প্রয়োজনীয় দলিলাদিসহ শুক্র কর্তৃপক্ষের নির্দেশিত কর্মকর্তা/কর্মচারীর নিকট দাখিল করিলে ইহা Bill of Export হিসাবে গণ্য হইবে।
- ৪। Bill of Entry / Bill of Export এর বর্ণনা, আকার ইত্যাদি। — পরিশিষ্ট-তে বর্ণিত Bill of Entry / Bill of Export নিম্নরূপ হইবে, যথা :-

- (i) যে সকল শুল্ক স্টেশনে online ASYCUDA (Automated System for Customs Data) কার্যকর, সে সকল স্থানে Bill of Entry / Bill of Export ফরম A4 সাইজের (২১ সেন্টিমিটার ৩০ সেন্টিমিটার) কাগজে মুদ্রিত হইতে হইবে। অন্যান্য ক্ষেত্রে কাগজের পরিমাপ A3 সাইজের (৩০ সেন্টিমিটার - ৪২ সেন্টিমিটার) হইবে।
- (ii) কাগজের রং হইবে সাদা এবং উহার পুরুত্ব হইবে কমপক্ষে ৫৫ জিএসএম।
- (iii) ইহাতে নিম্নরূপ মার্জিন (margin) থাকিতে হইবে :—
- (ক) উপরে ১ সেন্টিমিটার;
- (খ) নিচে ১ সেন্টিমিটার;
- (গ) বামে ১ সেন্টিমিটার;
- (ঘ) ডানে ১ সেন্টিমিটার।
- (iv) সাদা কাগজে কালো কালিতে Bill of Entry / Bill of Export ফরম মুদ্রিত হইবে। তবে Customs Procedure Code (CPC)-এর সংকেতস্বরূপ কাগজের শীর্ষে ডান কোণায় আড়াআড়ি ভাবে নীল, হলুদ, সবুজ বা কমলা বর্ণের 'বর্ণ রেখা' (colour band) থাকিবে এবং উক্তরূপ বর্ণসমূহ যথাক্রমে আমদানি, ইনটু-বন্ড (Into Bond), এক্স-বন্ড (Ex-Bond) ও রপ্তানি (Bill of Export) এর ক্ষেত্রে ব্যবহৃত হইবে।
- (v) বিষয়বস্তু, বিন্যাস ও আকার পরিশিষ্টে প্রদর্শিত নমুনার অনুরূপ হইবে।
- (vi) টাইপরাইটার বা কম্পিউটার টাইপ বা যথোপযুক্ত software ব্যবহার করিয়া ফরমটি পূরণ করা যাইতে পারে।
- (vii) Bill of Entry / Bill of Export পূরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হইতে জারী/ছাপানো "বিল অব এন্ট্রি/বিল অব এক্সপোর্ট ফরম পূরণের নির্দেশিকা" অথবা সময় সময় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এই বিষয়ক যেরূপ আদেশ নির্দেশ জারী করা হইবে তাহা অনুসরণ করিতে হইবে।
- ৫। নিম্নোক্ত দলিলাদির মূল কপি ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি Bill of Entry এর সঙ্গে দাখিল করিতে হইবে :
- (ক) Letter of Credit (L/C),
- (খ) Bill of Lading/Air Way Bill/Truck Receipt/Railway Receipt (যাহা প্রযোজ্য),
- (গ) Invoice,
- (ঘ) Packing List ,
- (ঙ) Letter of Credit Authorisation (প্রযোজ্য ক্ষেত্রে),
- (চ) VAT/BIN certificate (অবিকল অনুলিপি গ্রহণযোগ্য),
- (ছ) Value Declaration,

- (জ) পণ্যের আমদানীযোগ্যতা এবং/অথবা দাবীকৃত শুল্ক ও কর রেয়াতের প্রাপ্যতা প্রমাণের জন্য প্রয়োজনীয় অন্যান্য প্রামাণিক দলিলাদি,
- (ঝ) সময় সময় সরকার, বোর্ড এবং/অথবা দায়িত্বপ্রাপ্ত সরকারী দপ্তর কর্তৃক জারিকৃত আদেশ মোতাবেক দাখিলযোগ্য প্রামাণিক দলিলাদি এবং
- (ঞ) ক্ষেত্রমতে অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি ।
- ৬। নিম্নোক্ত দলিলাদির মূল কপি ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি Bill of Export এর সঙ্গে দাখিল করিতে হইবেঃ
- (ক) Export Letter of Credit (L/C) or export contract or Order or guarantee in lieu of ,
- (খ) Invoice,
- (গ) Packing List ,
- (ঘ) EXP forms,
- (ঙ) Certificate of origin (C/O),
- (চ) সময় সময় সরকার, বোর্ড এবং/অথবা দায়িত্বপ্রাপ্ত সরকারী দপ্তর কর্তৃক জারিকৃত আদেশ মোতাবেক দাখিলযোগ্য প্রামাণিক দলিলাদি,
- (ছ) ক্ষেত্রমতে অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি ।
- ৭। এই আদেশ ১লা সেপ্টেম্বর, ২০০১ইং তারিখ হইতে কার্যকর হইবে ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

( মোঃ খায়েরুজ্জামান মজুমদার)  
দ্বিতীয় সচিব (শুল্ক-নীঃ ও বাঃ)